



খবর ▾

37A



প্রিয়বন্ধু বাংলা



মমতার সঙ্গে কি দূরত্ব মিটে গেল? জুনিয়র চিকিৎসকদের বার্তা দিতেই জহরকে ঘিরে জল্লনা!

5d • 19 shares



প্রিয়বন্ধু মিডিয়া রিপোর্ট- আরজিকরের ঘটনা নিয়ে যখন গোটা বাংলা রাজপথে নেমেছিল, তখন দলের সঙ্গে দূরত্ব বাড়িয়ে সাংসদ পদ থেকে পদত্যাগ করেন তৃণমূলের জহর সরকার। পরবর্তীতে তিনি স্পষ্ট ভাষায় জানিয়ে দেন, তার রাজনীতিতে আসা উচিত হয়নি, তিনি আর রাজনীতির সঙ্গে থাকবেন না। সম্প্রতি এই আরজিকরের ঘটনার পরিপ্রেক্ষিতে রাজপথও প্রতিবাদে সামিল হতে দেখা দিয়েছিল এই তৃণমূল সাংসদকে। কিন্তু আবার যখন কর্মবিরতিতে ফিরে গিয়েছেন জুনিয়র চিকিৎসকরা, যখন সরকারের পক্ষ থেকে তাদের এই কর্মবিরতি একেবারেই ভুল বলে দাবি করা হচ্ছে, এমনকি তৃণমূলের পক্ষ থেকে জুনিয়র চিকিৎসকদের এই ধরনের আন্দোলনকে সমর্থন করা হচ্ছে না, ঠিক তখনই কার্যত নিজের প্রাক্তন দলের সঙ্গেই সুর মেলাতে দেখা গেল জহর সরকারকে। জুনিয়র চিকিৎসকদের কাজে ফেরার বার্তা দিতেই তার সঙ্গে কি সমস্ত দূরত্ব মিটে যেতে শুরু করেছে তার প্রাক্তন নেতৃত্ব মমতা বন্দ্যোপাধ্যায়ের! তা নিয়ে বিভিন্ন মহলে তৈরি হয়েছে প্রশ্ন।



সমস্ত হ্যাশট্যাগ



আমাদের সম্পর্কে • সাহায্য

সুত্রের খবর, এদিন এক্ষ হ্যান্ডেলে জুনিয়র চিকিৎসকদের উদ্দেশ্যে বার্তা দেন তৃণমূলের প্রাক্তন সাংসদ জহর সরকার। যেখানে তিনি লেখেন, "প্রিয় ডাক্তাররা আপনাদের আন্দোলনের সঙ্গে আমিও আছি। তাই সাংসদ পদ থেকে ইস্তফা দিয়েছি। তবে এবার কাজে ফিরুন। এভাবে মানুষের কষ্ট বাড়াবেন না।" আর প্রাক্তন তৃণমূল সাংসদের এই বক্তব্যের সঙ্গে তৃণমূল নেতাদের বক্তব্য মিলে যাওয়ায় অনেকে দুইয়ে দুইয়ে চার করতে শুরু



খবর ▾

37A



এক হলো। তাই তিনি সমস্ত দূরত্ব মিটিয়ে আবার দলের সঙ্গে ঘুর্ঁ হবেন। তবে এটা যে একেবারেই অসম্ভব, সেই ব্যাপারে নিশ্চিত রাজনৈতিক বিশেষজ্ঞরা। তাদের বক্তব্য, জুনিয়র চিকিৎসকরা যে আন্দোলন করছেন, তার সঙ্গে রয়েছেন জহর সরকার। কিন্তু তিনি পরিষেবা বন্ধ করে আন্দোলন করার পক্ষপাতী নন। আর সেই কারণেই জুনিয়র চিকিৎসকদের আন্দোলন করার পাশাপাশি যাতে তারা স্বাভাবিক পরিষেবা দেন, সেই বর্তাই দেওয়ার চেষ্টা করেছেন। দিনের শেষে তেমনটাই বলছেন রাজনৈতিক বিশেষজ্ঞরা।


Dailyhunt

Disclaimer: This story is auto-aggregated by a computer program and has not been created or edited by Dailyhunt. Publisher: Priyobandhu Bangla



#Hashtags

#West Bengal Prestigious Awards


[GET IT ON
Google Play](#)
[Download on the
App Store](#)

আমাদের সম্পর্কে • সাহায্য